

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২ (শৃঙ্খলা)

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৪৫৮(২০১৭-২০১৮)/২০১৮-২০১৯/

তারিখঃ ৩০.০৫.২০১৯ খ্রি:

কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ খলিলুর রহমান, মুখ্য কর্মকর্তা (অবসরপ্রাপ্ত), বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, শরীয়তপুর, ইতিপূর্বে একই অঞ্চলাধীন বিকেবি, চিকন্দী শাখায় ব্যবস্থাপক হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর অধীনে শৃঙ্খলা সম্পর্কিত ৩৮(ক),(খ),(ঘ) ও (ঙ) প্রবিধি মোতাবেক দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে ১৬/১৭-১৮ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করিয়া ২০.১২.২০১৭ খ্রি: তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৪৫৮/২০১৭-২০১৮/২০১৯ নম্বর স্মারক মূলে অভিযোগনামা জারী করা হইয়াছিল। আপনি উহার জবাব দাখিল করিয়াছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলায় তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করিয়াছিলেন;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করিয়াছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করিয়া আপনি জনাব মোঃ খলিলুর রহমান আপনাকে আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগসমূহের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯(১) (খ) প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকুরী হইতে বরখাস্ত অথবা বিকল্প গুরু দন্ডে দন্ডিত করা হইবে না এই মর্মে ৩১.১২.২০১৮ খ্রি: তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৪৫৮(২০১৭-২০১৮)/২০১৮-২০১৯/১৯৩৫ নম্বর কর্মী সংক্রান্ত ঘোষণা মূলে চূড়ান্ত কারন দর্শানো নোটিশ জারী করা হইয়াছিল;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ খলিলুর রহমান অত্র বিভাগের ৩১.১২.২০১৮ খ্রি: তারিখের চূড়ান্ত কারন দর্শানো নোটিশের জবাব ১৫-০১-২০১৯ খ্রি: তারিখে দাখিল করিয়াছিলেন। অতঃপর কর্তৃপক্ষ সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করিয়া আপনি জনাব মোঃ খলিলুর রহমান আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ, অদক্ষতা ও দুর্নীতিমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরু দন্ড প্রদানের চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা-২০০৮ এর ৩৯ (১) (খ)(আ) প্রবিধি অনুসারে আপনি জনাব মোঃ খলিলুর রহমান আপনার প্রাপ্য অবসরোত্তর সুবিধাদি হইতে ৩০,০০,০০০/- (ত্রিশ লক্ষ) টাকা কর্তন করিয়া বিকেবি, চিকন্দী শাখার আয় খাতে জমা করিবার আদেশ দিলেন।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

জনাবঃ মোঃ খলিলুর রহমান (কে-২৭৫)
মুখ্য কর্মকর্তা (অবসরপ্রাপ্ত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
মুখ্য আঞ্চলিক কার্যালয়
শরীয়তপুর।

স্বাক্ষরিত
(লুৎফুন নাহার নাজ)
উপ-মহাব্যবস্থাপক

নং- প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ০১ঃ৩৪৫৮(২০১৭-২০১৮)/২০১৮-২০১৯/ ৩৭৩৫(৭) তারিখঃ ৩০.০৫.২০১৯ খ্রি:
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল :

- ০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১/২, মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন), বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, বিকেবি, বিভাগীয় কার্যালয়, ফরিদপুর।
- ০৫। উপ-মহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আরোপিত দন্ড সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করিয়া কর্মী সংক্রান্ত ঘোষণাটি তাহার ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হইল।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ/ হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-২(পেনশন)/পরিধারণ বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৭। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেম্‌স, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মী সংক্রান্ত ঘোষণা পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল।
- ০৮। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, ফরিদপুর।
- ০৯। মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক কার্যালয়, শরীয়তপুর। এতদসঙ্গে প্রেরিত মূল কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ খলিলুর রহমান এর নিকট প্রাপ্তি স্বীকার রশিদ মারফত হস্তান্তর করতঃ রশিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হইল।
- ১০। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, শরীয়তপুর।
- ১১। ব্যবস্থাপক, বিকেবি, চিকন্দী শাখা, শরীয়তপুর।
- ১২। নথি/মহানথি/মূল নথি।

৩০/০৫/২০১৯
(মোঃ আব্দুর রউফ)
সহকারী মহাব্যবস্থাপক